মেহেরপুরে চেক জালিয়াতিসহ বিভিন্ন মামলায় গ্রেফতার-৩

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৩ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মুজিবনগর থানা পুলিশের অভিযানে চেক জালিয়াতি মামলার আসামি গোপালপুর গ্রামের হাসান রাজার ছেলে হাসান কবীর (৩৫) কে গ্রেফতার করেন। অপর দিকে সদর থানা পুলিশের অভিযানে ২০০ গ্রাম গাঁজাসহ একজন ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ জন পলাতক আসামি গ্রেফতার করেছে।

মঙ্গলবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের একাধিক টিম আজ বুধবার (২৪ মে) ভোররাত পর্যন্ত পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল অভিযানে নেতৃত্ব দেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বুধবার (২৪ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

কোটচাঁদপুরে চেক জালিয়াতি মামলার আসামি আটক

চেক জালিয়াতি মামলার দীর্ঘদিন পলাতক আসামি আব্দুর রাজ্জাক আটক । সে কোটচাঁদপুরের কুশনা গ্রামের মৃত বাবর আলীর ছেলে। মঙ্গলবার তাকে আটক করেছেন থানা পুলিশ। জানা যায়,ডাকবাংলার আব্দুল মান্নানের সঙ্গে কোটচাঁদপুরের কুশনা গ্রামের আব্দুর রাজ্জাকের ব্যবসায়িক সম্পর্ক ছিল। এর সুবাদে আব্দুর রাজ্জাক তাকে একটা চেক দেন।

এরপর টাকা নিয়ে ঝামেলা হয় ওই দুই জনের মধ্যে। পরে আব্দুল মান্নান আদালতে চেক জালিয়াতির মামলা করেন আব্দুর রাজ্জাকের নামে।

ওই মামলায় গেল ৪/১/২০২২ সালে আদালত তাকে ৬ মাসের জেল ও ৪ লাখ টাকার জরিমানা করেন। এরপর থেকে আব্দুর রাজ্জাক দীর্ঘ ৯ মাস পলাতক ছিলেন।

খবর পেয়ে কোটচাঁদপুর থানা পুলিশ মঙ্গলবার সকালে কুশনা গ্রামে অভিযান চালিয়ে আব্দুর রাজ্জাক কে আটক করেন। সে ওই গ্রামের মৃত বাবর আলীর ছেলে। ওইদিনই পুলিশ তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠিয়েছেন থানা পুলিশ।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক শাহ মোঃ আব্দুল আজিজ বলেন,মঙ্গলবার কোটচাঁদপুর থানার সহউপপরিদর্শক (এএসআই কামাল হোসেন ও শামসুজ্জামান) উপজেলার কুশনা গ্রামে অভিযান চালান।

এ সময় তারা দীর্ঘদিন মামলায় পলাতক থাকা আসামি আব্দুর রাজ্জাক কে আটক করেন। ওইদিনই তাকে আদালতে মাধ্যমে জেল হাজতে পাঠিয়েছেন থানা পুলিশ।